

বিগত সাড়ে নয় (০৯) বছরে বিদ্যুৎ খাতে অর্জন

- বিদ্যুৎ বিভাগের ভিশন

যৌক্তিক ও সহনীয় মূল্যে সকল জনগণের জন্য নির্ভরযোগ্য ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ করা।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী, সাহসী ও সময়োপযোগী সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নের ফলে বিদ্যুৎ খাতে সাড়ে ৯ বছরে অভূতপূর্ব সাফল্য অর্জিত হয়েছে।



মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ১২/০৪/২০১৮ তারিখে ডিজিও কনফারেন্সিং এর মাধ্যমে বিদ্যুৎ কেন্দ্র উদ্বোধন অনুষ্ঠান

বিদ্যুৎ খাতে বিগত সাড়ে নয় বছরে অর্জিত উল্লেখযোগ্য সাফল্যঃ

বিষয় (১)	২০০৯ (২)	২০১৮ (৩)	গত সাড়ে ৯ বছরে অর্জন (২০০৯-২০১৮) (২-৩)
বিদ্যুৎ কেন্দ্রের সংখ্যা	২৭	১২২	(+) ৯৫
উৎপাদন ক্ষমতা (মেগওয়াট)	৪,৯৪২	১৮,৯০২ (ক্যাপটিভসহ)	(+) ১৩,৯৬০
সর্বোচ্চ উৎপাদন (মেগওয়াট)	৩,২৬৮ (৬ জানু ২০০৯)	১১,৩৮৭ (১৮ জুলাই ২০১৮)	(+) ৮,১১৯
সঞ্চালন লাইন (সা.কি.মি))	৮,০০০	১১,১২৩	(+) ৩,১২৩
গ্রিড সাবস্টেশন ক্ষমতা (এমভিএ)	১৫,৮৭০	৩৬,০৪৬	(+) ২০,১৭৬
বিদ্যুৎ আমদানি (মেগওয়াট)	--	৬৬০	(+) ৬৬০
বিতরণ লাইন (কিঃ মিঃ)	২ লক্ষ ৬০ হাজার	৪ লক্ষ ৫৭ হাজার	(+) ১ লক্ষ ৯৭ হাজার
বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী (%)	৪৭	৯০	(+) ৪৩
মাথাপিছু উৎপাদন	২২০	৪৬৪	(+) ২৪৪
গ্রাহক সংখ্যা	১ কোটি ৮ লক্ষ	৩ কোটি ০৩ লক্ষ	(+) ১ কোটি ৯৪ লক্ষ
সামগ্রিক সিস্টেম লস (%)	১৬.৮৫ (২০০৮-২০০৯ অর্থ-বছর)	১১.৪০ (২০১৭-২০১৮ অর্থ-বছর, মে' ১৮)	(-) ৫.৪৫

• বিদ্যুৎ উৎপাদন খাতে উল্লেখযোগ্য অর্জন

- ✓ বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ৪,৯৪২ মেগাওয়াট থেকে ১৮,৯০২ মেগাওয়াটে (ক্যাপটিভসহ) উন্নীতকরন;
- ✓ সর্বোচ্চ বিদ্যুৎ উৎপাদন ৩,২৬৮ মেগাওয়াট থেকে ১১,৩৮৭ (১৮ জুলাই ২০১৮) মেগাওয়াটে উন্নীতকরন;
- ✓ জানুয়ারি ২০০৯ থেকে জুন ২০১৮ পর্যন্ত ভারত থেকে বিদ্যুৎ আমদানি সহ মোট ১১,৯৪৪ মেঃওঃ বিদ্যুৎ জাতীয় গ্রীডে যুক্তকরণ;
- ✓ সর্বমোট ২৪,৩৪৬ মেগাওয়াট ক্ষমতার ১৩৪টি বিদ্যুৎ কেন্দ্রের চুক্তি স্বাক্ষর;
- ✓ বর্তমানে ১৩,৯৮৫ মেগাওয়াট ক্ষমতার ৫৫ টি বিদ্যুৎ কেন্দ্র নির্মাণাধীন;
- ✓ আরও ৫,৯৩৭ মেগাওয়াট ক্ষমতার ২৭ টি বিদ্যুৎ কেন্দ্র দরপত্র প্রক্রিয়াধীন;
- ✓ ভারত থেকে বিদ্যুৎ আমদানি ৬৬০ মেগাওয়াট;
- ✓ পায়রা, রামপাল, মাতারবাড়ি ও মহেশখালীতে কয়লাভিত্তিক সর্বমোট ৯ ,৯৬০ মেগাওয়াট ক্ষমতার ৮টি মেগা প্রকল্প গ্রহণ;
- ✓ পুরাতন ও অদক্ষ বিদ্যুৎ কেন্দ্র রি-পাওয়ারিং এর মাধ্যমে উৎপাদন বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ;
- ✓ নবায়নযোগ্য জ্বালানিভিত্তিক ৫১৮ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন এবং ৫২ লক্ষ সোলার হোম সিস্টেম স্থাপন;
- ✓ ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত দেশে রূপান্তরের ভিশন বাস্তবায়নে বিদ্যুৎ উৎপাদন মহাপরিকল্পনা (পিএসএমপি-২০১৬) প্রণয়ন।

• বিদ্যুৎ সঞ্চালন খাতে উল্লেখযোগ্য অর্জন

- ✓ সঞ্চালন লাইনের পরিমাণ ৮,০০০ সার্কিট কিলোমিটার থেকে ১১,১২৩ সার্কিট কিলোমিটারে উন্নীত;
- ✓ গ্রীড সাবস্টেশন ক্ষমতা ১৫,৮৭০ এমভিএ থেকে ৩৬,০৪৬ এমভিএ তে উন্নীত;
- ✓ বাংলাদেশ-ভারত ৪০০ কেভি আন্তঃসংযোগ গ্রীডলাইন নির্মাণ এবং ৮০০ কেভি আঞ্চলিক গ্রীড নির্মাণের কার্যক্রম গ্রহণ;
- ✓ গ্রীড নিরাপত্তা নিশ্চিতকরণে ‘গ্রীড রিলায়েবিলিটি স্টাডি’ কার্যক্রম বাস্তবায়ন পূর্বক নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের পদক্ষেপ গ্রহণ;
- ✓ ২০২১ সালের মধ্যে ১০,০০০ সার্কিট কিলোমিটার সঞ্চালন লাইন নির্মাণের জন্য প্রকল্প গ্রহণ।

• বিদ্যুৎ বিতরণ খাতে উল্লেখযোগ্য অর্জন

- ✓ গ্রাহক সংখ্যা ১ কোটি ৮ লক্ষ থেকে বৃদ্ধি পেয়ে ৩ কোটি ০৩ লক্ষে উন্নীত ;
- ✓ বিতরণ লাইন ২ লক্ষ ৬০ হাজার কি .মি. হতে ৪ লক্ষ ৫৭ হাজার কি.মি এ সম্প্রসারণ;
- ✓ সামগ্রিক সিস্টেম লস ১৬.৮৫% থেকে ১১.৪০% এ হ্রাস;
- ✓ মাথাপিছু বিদ্যুৎ উৎপাদন ২২০ থেকে ৪৬৪ কিলোওয়াট আওয়ার এ উন্নীত;
- ✓ বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী ৪৭% থেকে ৯০% এ উন্নীত;
- ✓ এ পর্যন্ত ১২ লক্ষের অধিক প্রিপেইড মিটার স্থাপন;
- ✓ ঢাকার বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা আন্ডার গ্রাউন্ডে রূপান্তরকরণের উদ্যোগ গ্রহণ;
- ✓ গ্রাহক সেবা বৃদ্ধিতে ওভার লোডেড বিতরণ ট্রান্সফরমার পরিবর্তনের পদক্ষেপ গ্রহণ।

• আইসিটি খাতে উল্লেখযোগ্য অর্জন

বিদ্যুৎ খাতকে সম্পূর্ণ অটোমেশনে আনার লক্ষ্যে নানাবিধ পদক্ষেপে গ্রহণ করা হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো:

- ✓ আইসিটি রোড ম্যাপ প্রনয়ন;
- ✓ Enterprise Resource Planning (ERP) বাস্তবায়নের উদ্যোগ গ্রহন;
- ✓ গ্রাহক সেবা নিশ্চিত করার লক্ষ্যে বিদ্যুৎ খাতে অভিযোগ ব্যবস্থাপনা চালু করন;
- ✓ অন-লাইনের মাধ্যমে বিদ্যুৎ বিল পরিশোধ, নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন ও নিয়োগ ব্যবস্থাপনা, অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনা চালুকরণ ইত্যাদি;
- ✓ ই-ফাইলিং ব্যবস্থাপনা চালুকরণ।

• বিনিয়োগ

বিদ্যুৎ খাতের বি শাল বিনিয়োগে অর্থ যোগানে এডিপি ব্যতীত বেসরকারি বিনিয়োগ ও ইনোভেটিভ ফাইন্যান্সিং এর মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে।

• নতুন আইন ও নীতিমালা

- ✓ নবায়নযোগ্য জ্বালানি ও জ্বালানি দক্ষতা নিশ্চিত করার জন্য “সাসটেইনেবল এন্ড রিনিউয়েবল এনার্জি ডেভেলপমেন্ট অথরিটি (স্রেডা) আইন, ২০১২ প্রনয়ণ;
- ✓ বিদ্যুৎ ও জ্বালানি খাতে নব নব প্রযুক্তির উদ্ভাবনের লক্ষ্যে “ বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল আইন, ২০১৫ প্রনয়ণ;
- ✓ বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট” (BPMI)” গঠন;
- ✓ “বিদ্যুৎ আইন, ২০১৮” প্রণয়ণ।

• জ্বালানি সাশ্রয়ী ও অন্যান্য কার্যক্রম

জ্বালানি সাশ্রয়ের দিকে গুরুত্ব প্রদান কর ২০২১ সালের মধ্যে ১৫% এবং ২০৩০ সালের মধ্যে ২০ % জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

বিদ্যুৎ খাতের ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলায় নিবিড় তদারকির মাধ্যমে অগ্রাধিকার প্রকল্প হিসেবে (ফাস্ট ট্র্যাক) কয়লা ভিত্তিক মেগা প্রকল্পসমূহ বাস্তবায়ন করা হচ্ছে। বিদ্যুৎ খাতের সংস্থাসমূহে মানব সম্পদ উন্নয়নে BPMI প্রতিষ্ঠার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। গ্যাস সংকট মোকাবেলায় এলএনজি টার্মিনাল স্থাপনের ব্যবস্থা নেয়া হয়েছে।

বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে রূপান্তরের লক্ষ্য বাস্তবায়নে বর্তমান সরকার অঙ্গীকারাবদ্ধ। সে লক্ষ্য বাস্তবায়নে ২০২১ সালের মধ্যে ২৪ ,০০০ মেগাওয়াট, ২০৩০ সালের মধ্যে ৪০,০০০ মেগাওয়াট এবং ২০৪১ সালের মধ্যে ৬০,০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন পরিকল্পনা গ্রহণ করে তা বাস্তবায়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ‘শেখ হাসিনার উদ্যোগ , ঘরে ঘরে বিদ্যুৎ ’ এ অঙ্গীকার বাস্তবায়নে বিদ্যুৎ বিভাগ প্রতিশ্রুতিবদ্ধ।